



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
www.khdc.gov.bd



সভার কার্য বিবরণী

সভাপতিঃ জনাব কংজরী চৌধুরী
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

তারিখ ও সময়ঃ ০৯ মার্চ, ২০২০ সকাল ১১টা
স্থানঃ পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় খাগড়াছড়ি রিজিয়ন, জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, উপজেলা পরিষদ ও পৌরসভার প্রধান/প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"-তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি জানান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী (মুজিববর্ষ) খাগড়াছড়ি পার্বত্য জেলায় যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে কর্মসূচী চূড়ান্তকরণের লক্ষ্যে অধ্যকার সভার আয়োজন করা হয়েছে। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত রয়েছেন জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি, মাননীয় চেয়ারম্যান (প্রতিমন্ত্রী পদমর্যাদা), ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্ত নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স। তিনি মুজিববর্ষের অনুষ্ঠানাদি খাগড়াছড়ি জেলায় সুষ্ঠুভাবে পালনের বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও পরামর্শ প্রদান করবেন।

প্রধান অতিথি জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি মহোদয় জানান, দেশজুড়ে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে উদযাপিত হবে এ জন্মবার্ষিকী। এ লক্ষ্যে ১৭ মার্চ ২০২০ হতে ২৬ মার্চ ২০২১ সময়কালকে সরকার কর্তৃক "মুজিববর্ষ" হিসেবে ঘোষণা করে বর্ষব্যাপি বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গত ১০ জানুয়ারি মুজিববর্ষের ক্ষণগণনা শুরু হয়েছে। ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে ১৭ মার্চ ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকীর উদ্বোধন হতে যাচ্ছে। ইতোমধ্যে জেলা প্রশাসনও একটি সভা করে কিছু কর্মসূচী নির্ধারণ করেছে। খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কর্মসূচী পালন করবে। তিনি সভায় খাগড়াছড়ি রিজিয়ন, জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, উপজেলা পরিষদ ও পৌরসভা-কে পার্বত্য জেলা পরিষদ কর্তৃক প্রণীত কর্মসূচী সুষ্ঠুভাবে পালনে সার্বিক সমন্বয়-সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।

সভাপতি জানান, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ২১ জানুয়ারি, ২০২০ তারিখের সভায় খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক নিম্নলিখিত কর্মসূচী পালনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ লক্ষ্যে বিভিন্ন কমিটি গঠনসহ প্রাথমিক প্রস্তুতি নেয়া হয়েছেঃ

ক্রমিক নং	কর্মসূচী	কর্মসূচীর বিবরণ
১।	তিন পার্বত্য জেলার অংশগ্রহণে ক্রিকেট টুর্নামেন্ট এবং জেলা পর্যায়ে ভলিবল ও অন্যান্য খেলাধুলা পরিচালনা।	খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ তিন পার্বত্য জেলার অংশগ্রহণে ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন করবে। তাছাড়া, জেলা পর্যায়ে প্রতিমাসে ১টি করে ৯টি উপজেলায় ভলিবল ও অন্যান্য খেলাধুলা অনুষ্ঠানের কার্যক্রম গ্রহণ। পরবর্তীতে জেলা সদরে সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।
২।	জেলা পর্যায়ে সাংস্কৃতিক অনুষ্ঠান, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা	জেলা ব্যাপি সাংস্কৃতিক প্রতিযোগিতা, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠানের কার্যক্রম গ্রহণ। প্রতিমাসে ১টি করে ৯টি উপজেলায় সাংস্কৃতিক প্রতিযোগিতার ব্যবস্থা গ্রহণ। পরবর্তীতে জেলা সদরে সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে
৩।	বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর আলোচনা/সেমিনার	জেলা সদরে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর আলোচনা সভা/সেমিনার এর ব্যবস্থা গ্রহণ।
৪।	বঙ্গবন্ধু কর্ণার স্থাপন	জেলার ৯টি উপজেলার সকল পৌর এলাকা এবং সদর ইউনিয়নের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন। প্রতিটি কর্ণার বঙ্গবন্ধু সম্পর্কিত বই-পুস্তক ও আলমীরা প্রদান করা হবে।
৫।	বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি প্রদান	জেলার স্থায়ী বাসিন্দা, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ, অনার্স-পাশ কোর্স এবং ডিপ্লোমা/টেকনিক্যাল কলেজ/ ইনস্টিটিউটে অধ্যয়নরত গরীব/মেধাবী ছাত্র/ছাত্রীদের বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি প্রদান।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
www.khdc.gov.bd



সভায় উল্লিখিত কর্মসূচীসমূহ পর্যালোচনা করে কিভাবে -কখন বাস্তবায়ন করা যায়, উপস্থিত সকলের মতামত আহবান করা হয়। অতঃ পর বিস্তারিত আলোচনাক্রমে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

তারিখ/সময় ও স্থান	কর্মসূচীর বিবরণ	ব্যবস্থাপনায়
১৭ মার্চ ২০২০ সকাল ১১টা খাগড়াছড়ি টাউন হল প্রাংগন	বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর আলোচনা সভা	জনাব খগেশ্বর ত্রিপুরা, সদস্য, পার্বত্য জেলা পরিষদ এর নেতৃত্বে গঠিত কমিটি
ঐ (আলোচনা সভার পর পর)	বছর ব্যাপি শিশু-কিশোরদের সাংস্কৃতিক প্রতিযোগিতা উদ্বোধনী অনুষ্ঠান। শিশু গ্রুপ(১ম-৫ম শ্রেণি) এবং কিশোর গ্রুপ(৬ষ্ঠ-১০ম শ্রেণি) এর ছাত্র/ছাত্রীদের সংগীত ও নৃত্য প্রতিযোগিতা। উদ্বোধনী অনুষ্ঠানে সদর উপজেলার প্রতিযোগিতা অংশগ্রহণ করবে।	জনাব পার্থ ত্রিপুরা, সদস্য, পার্বত্য জেলা পরিষদ এর নেতৃত্বে গঠিত কমিটি
সদস্য	খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কার্যালয় এবং পরিষদে হস্তান্তরিত বিভাগ/দপ্তরে আলোকসজ্জা	সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধান
১৯-২১ মার্চ ২০২০ "শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স, ঢাকা"	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত চিত্রাংকন, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ফুড ফেয়ার-এ অংশগ্রহণ।	নির্বাহী কর্মকর্তা এবং সা. সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি।
২১-৩০ মার্চ, ২০২০	"পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর" কার্যক্রম পরিচালনার অংশ হিসেবে পরিষদ কার্যালয়, আবাসিক ভবন, রেস্তোরাঁ, মার্কেটসমূহ এবং হার্টিকালচার পার্ক পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান	সংশ্লিষ্ট কমিটি।
৩০ মার্চ ২০২০ খাগড়াছড়ি স্টেডিয়াম	তিন পার্বত্য জেলার অংশগ্রহণে ক্রিকেট টুর্নামেন্ট এর শুভ উদ্বোধন।	জনাব জুয়েল চাকমা, সদস্য, পার্বত্য জেলা পরিষদ এর নেতৃত্বে গঠিত কমিটি
এপ্রিল, ২০২০	বৈসাবি ও নববর্ষ উদযাপন	সংশ্লিষ্ট কমিটি।
মে, ২০২০	রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা	সংশ্লিষ্ট কমিটি।
জুন, ২০২০	নির্বাচিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন	সংশ্লিষ্ট কমিটি।
জুন, ২০২০	বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি প্রদান	সংশ্লিষ্ট কমিটি।
জুন-জুলাই, ২০২০	জেলার বিভিন্ন উপজেলার অংশগ্রহণে মহিলা ফুটবল টুর্নামেন্ট পরিচালনা	জনাব জুয়েল, সদস্য, পার্বত্য জেলা পরিষদ এর নেতৃত্বে গঠিত কমিটি
আগস্ট, ২০২০	বৃক্ষরোপন অভিযান	সংশ্লিষ্ট কমিটি।
সেপ্টেম্বর-নভেম্বর, ২০২০	জেলাব্যাপি সাংস্কৃতিক প্রতিযোগিতা ও ক্রিকেট/ফুটবল টুর্নামেন্ট পরিচালনা	সংশ্লিষ্ট কমিটি।
ডিসেম্বর, ২০২০	ঢাকায় অনুষ্ঠিতব্য পার্বত্য মেলায় অংশগ্রহণ	সংশ্লিষ্ট কমিটি।
জানু-মার্চ ২০২০	গৃহীত কর্মসূচীসমূহের সমাপনী অনুষ্ঠান পরিচালনা, মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন	সংশ্লিষ্ট কমিটি।

নোটঃ বাস্তবতার নিরিখে গৃহীত কোন কর্মসূচী বাতিল বা কোন কর্মসূচীতে সংযোজন/বিয়োজন বা নতুন কর্মসূচী গ্রহণ করা যাবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
www.khdc.gov.bd



অন্যান্য সিদ্ধান্ত সমূহঃ

- ১) "মুজিববর্ষ" উদযাপন উপলক্ষ্যে গঠিত কমিটিসমূহ স্ব স্ব কমিটির সভা আহবান পূর্বক কর্মসূচী/পরিকল্পনা এবং বাজেট প্রণয়ন করতঃ মুখ্য নির্বাহী কর্মকর্তা,এ পরিষদ এর নিকট জমা প্রদান করবেন।
 - ২) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা ক্রীড়া সংস্থাকে খাগড়াছড়ি স্টেডিয়াম এবং মেয়র, খাগড়াছড়ি পৌরসভাকে খাগড়াছড়ি টাউন হল/প্রাংগন ব্যবহারের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হয়।
 - ৩) সকল অনুষ্ঠানে আইন শৃংখলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, খাগড়াছড়ি -কে অনুরোধ করা হলো।
 - ৪) সিভিল সার্জন, খাগড়াছড়ি সংশ্লিষ্ট কমিটির চাহিদার ভিত্তিতে মেডিকেল টীম প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ৫) এ পরিষদের সন্মানিত সকল সদস্যবৃন্দ প্রতিটি কমিটির কাজে সার্বিক সহযোগিতা ও সমন্বয় করতঃ আয়োজিত অনুষ্ঠানমালা সুষ্ঠুভাবে পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করবেন।
 - ৬) জেলা শিল্পকলা একাডেমি এবং ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের অনুষ্ঠানমালা পার্বত্য জেলা পরিষদের অনুষ্ঠানমালার সাথে সমন্বয় করে পরিচালনা করতে হবে।
 - ৭) জেলা স্কাউটস এবং রেডক্রিসেন্ট ইউনিট র্যালির স্বেচ্ছাসেবক দল গঠন করে যথাযথ পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবেন। অন্যান্য সংগঠন ও সাংগঠনিক ক্লাবের সদস্যগণও আলোচনা করে স্বেচ্ছাসেবক টীম প্রেরণের ব্যবস্থা করবেন।
 - ৮) খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ হতে মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে প্রয়োজনীয় খরচ নির্বাহ করা হবে।
 - ৯) সার্বিকভাবে আইন শৃংখলা পরিস্থিতি রক্ষাকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সকল আইন শৃংখলা বাহিনীসহ জেলা প্রশাসন এবং অনলাইন ও প্রিন্ট মিডিয়ার সকল সাংবাদিক/সংবাদকর্মীদের বিশেষভাবে অনুরোধ করা হয়।
 - ১০) আয়োজিত অনুষ্ঠানমালা সুষ্ঠুভাবে সম্পন্ন লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা দেয়ার জন্য অনুরোধ করা হয়।
- সভায় আর আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে বিভিন্ন অনুষ্ঠানমালায় উপস্থিত হয়ে অনুষ্ঠানমালা সফল করার উদাত্ত আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কংজরা চৌধুরী)
চেয়ারম্যান, ১০/০৬/২০

পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

তারিখঃ ১০ মার্চ, ২০২০ খ্রি.

নং ২৯.২৩৬.০১৮.৩৩.৭৭.০০৫.২০২০-৪৯০

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-(পদ মর্যাদা/জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি, চেয়ারম্যান(প্রতিমন্ত্রী পদমর্যাদা), শরনার্থী এবং আভ্যন্তরীণ উদ্বাস্ত বিষয়ক টাস্কফোর্স, খাগড়াছড়ি।
২. মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাংগামাটি।
৩. সচিব পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫. রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি/গুইমারা, রিজিয়ন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬. সেক্টর কমান্ডার, বিজিবি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৯. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০. মেয়র, খাগড়াছড়ি পৌরসভা।
১১. চেয়ারম্যান, খাগড়াছড়ি সদর উপজেলা পরিষদ।
১২. জনাব..... আহবায়ক/সদস্য সচিব, সংশ্লিষ্ট উপ কমিটি।
১৩. জেলার বিভাগীয় প্রধান(সকল)..... খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৪. অধিনায়ক, ডিজিএফআই, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৫. অধিনায়ক, আর্মি সিকিউরিটি ইউনিট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।।
১৬. যুগ্ম-পরিচালক, জেলা এনএসআই, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৭. সভাপতি/সম্পাদক.....
১৮. জনাব.....

(টিটন খাঁসী)
নির্বাহী কর্মকর্তা

পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

০৩৭১-৬১৯৩৬